দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 02 FEB 1989
পৃষ্ঠা 1 কলাম 5

53

# ছাত্র সংগ্রাম পরিষদের সাংবাদিক সম্মেলন

(স্টাফ রিপোর্টার)

কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদ নেতা জনাব মোহাম্মদ তাহের উল্লাহ বলেছেন, যে কোন মূল্যে সংগ্রাম পরিষদের ঐক্য বজায় রাখা হবে। আসন্ন ডাকসু নির্বাচনে সংগ্রাম পরিষদ বিজয় ছিনিয়ে আনবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## ছাত্র সংগ্রাম পরিষদ

(১-এর পৃঃ পর)

জনাব তাহের উল্লাহ গতকাল দপ্তরে ডাকসু ভবনে সংগ্রাম পরিষদের প্যানেল ঘোষণা উপলক্ষে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে বক্তব্য রাখেন। এতে সাংবাদিকদের প্রশ্নের জবাব দেন ডাকসু নির্বাচনে সংগ্রাম পরিষদ প্যানেলের ভিপি প্রার্থী জনাব সুলতান মোহাম্মদ মনসুর, জিএস প্রার্থী জনাব মুশতাক হোসেন এবং বিপ্লবী ছাত্র মৈত্রীর সভাপতি জনাব জহিরউদ্দীন স্বপন।

যৌথ প্যানেল গঠনের প্রয়োজনীয়তা সম্পর্কে জনাব তাহের উল্লাহ বলেন, আগামী দিনের বৃহত্তর সংগ্রামের লক্ষ্যে ঐক্যবদ্ধভাবে ডাকসুতে নির্বাচন করার সিদ্ধান্ত নেয়া হয়। এটি ছিল রাজনৈতিক সিদ্ধান্ত। তিনি বলেন, সকল বাধা অতিক্রমের মাধ্যমে ঐক্যবদ্ধ প্যানেল গঠন করে সংগ্রাম পরিষদ নির্বাচনের ক্ষেত্রে প্রাথমিক বিজয় অর্জন করেছে।

ঐক্যবদ্ধ প্যানেল গঠনের ক্ষেত্রে সংগ্রাম পরিষদ ভুক্ত ছাত্র সংগঠনগুলোর মূল রাজনৈতিক দলের কোন সিদ্ধান্ত কাজ করেছে কিনা প্রশ্নের জবাবে জনাব সুলতান মনসুর বলেন, ওপর থেকে কোন কিছু চাপিয়ে দেয়া হয়নি।

সাংবাদিক সম্মেলনের পর ছাত্র সংগ্রাম পরিষদ একটি মিছিল করে। মিছিল শেষে অপরাজেয় বাংলার পাদদেশে এক সমাবেশের মাধ্যমে সংগ্রাম পরিষদ প্রার্থীদের পরিচয় করিয়ে দেয়া হয়।

### অন্যান্য সংগঠন

বিভিন্ন সংগঠনের নির্বাচনী প্রচারণা অব্যাহত রয়েছে। জাতীয়তাবাদী ছাত্রদল 'দুদু-রিপণ' পরিষদের সমর্থনে গতকাল ক্যাম্পাসে মিছিল করে। ক্রীড়া সম্পাদক পদে ছাত্রদল প্রার্থী কায়সার হামিদকে নিয়ে তার সমর্থকরা বিভিন্ন হল এলাকায় মিছিল করে।

জাতীয় ছাত্রদল ও ছাত্র বিপ্লবী মঞ্চের 'মোখলেছ-আজম' পরিষদের সমর্থনেও মিছিল হয়।